

ভারত-যুক্তরাষ্ট্র পঞ্চম স্ট্র্যাটেজিক বার্তালাপ

পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ যুক্তরাষ্ট্রের সেকরেটারি অব স্টেট মিঃ জন কেরিকে ৩০ জুলাই থেকে ১ আগস্ট ২০১৪ দিল্লিতে আমন্ত্রণ জানিয়েছেন। পররাষ্ট্রমন্ত্রী এবং সেকরেটারি কেরি ৩১ জুলাই ভারত-যুক্তরাষ্ট্র পঞ্চম স্ট্র্যাটেজিক বার্তালাপের যৌথ পৌরোহিত্য করবেন।

নতুন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর সেকরেটারি কেরির এটাই প্রথম ভারত সফর এবং উভয় মন্ত্রী দায়িত্ব নেওয়ার প্রথম বৈঠক। সেকরেটারি কেরি এই সফরে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী সহ ভারতীয় নেতৃত্বের সংগে মিলিত হবেন এবং বাঙ্গালুরু সফর করবেন।

স্ট্র্যাটেজিক বার্তালাপের সময় পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ এবং সেকরেটারি কেরি দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও অভিন্ন স্বার্থের আন্তর্জাতিক বিষয়ে মত বিনিময় করবেন। দ্বিপাক্ষিক বিষয়ের মধ্যে নিরাপত্তা, বাণিজ্য ও লগ্নি, বিজ্ঞান ও প্রযুক্তি, এনার্জি ও পরিবেশ এবং মানবিক পরিষেবা ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি আলোচনায় গুরুত্ব পাবে। উভয় পক্ষ অভিন্ন স্বার্থের বহুদেশীয় মঞ্চের বিষয়গুলি কার্যকরী আলোচনা করবেন।

সেকরেটারি কেরি বাণিজ্য, এনার্জি, আভ্যন্তরীণ নিরাপত্তা, পররাষ্ট্র মন্ত্রকের প্রতিনিধি সহ বিভিন্ন আর্ন্ত-এজেন্সি সহ এক উচ্চপর্যায় প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। বাণিজ্য সচিব পেনি প্রিটজিকার, এনার্জি বিভাগের উপসচিব ড্যানিয়েল পনিম্যান, আভ্যন্তরীণ নিরাপত্তা বিভাগের অবরসচিব ফ্লিন্স একস টেলর এবং পররাষ্ট্রমন্ত্রকের জলবায়ু পরিবর্তন বিভাগের বিশেষ দূত টড স্টার্ন এই প্রতিনিধিদলে शामिल হচ্ছেন।

স্ট্র্যাটেজিক সহযোগিতা, এনার্জি ও জলবায়ু পরিবর্তন, শিক্ষা ও উন্নয়ন, অর্থনীতি বাণিজ্য ও কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি, স্বাস্থ্য ও উদ্ভাবনী--অভিন্ন স্বার্থের এই পাঁচটি স্তম্ভকে চিহ্নিত করে ২০০৯ সালের জুলাই মাসে ভারত-যুক্তরাষ্ট্র মন্ত্রী পর্যায়ের স্ট্র্যাটেজিক বার্তালাপের সূচনা হয়। প্রথম স্ট্র্যাটেজিক বার্তালাপ ২০১০ সালের জুন মাসে ওয়াশিংটন ডিসিতে অনুষ্ঠিত হয়। এরপর পর্যায়ক্রমে নয়াদিল্লি(২০১১ জুলাই), ওয়াশিংটন ডিসি(২০১২ জুন) এবং নয়াদিল্লিতে(২০১৩ জুন) অনুষ্ঠিত হয়।

নয়াদিল্লি

২৪ জুলাই ২০১৪